DIRECTORS' REPORT
পরিচালক মন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রহমানির রাহিম,

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু-আলাইকুম ওয়া রহ্‌মাতুল্লাহ।

কোম্পানির পরিচালকমন্ডলীর পক্ষ থেকে ২০২০-২০২১ইং অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকবৃন্দের প্রতিবেদন আপনাদের সদয় বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

কোম্পানির বিষয়াদির অবস্থা ঃ

১.১। পরিচিতি ঃ

১৯৮১ইং সালে গাজীপুরস্থ কালিয়াকৈর থানার চন্দ্রায় কোম্পানিটি স্থাপিত হয় এবং ১৯৮৪ সালের জুলাই থেকে এর বানিজ্যিক উৎপাদন শুরু হয়। ফার্মা এইড্‌স লিমিটেড শুধুমাত্র ইউ.এস.পি টাইপ-১ (USP Type-I) নিউট্রাল গ্লাস এ্যাম্পুল (Neutral Glass Ampoule) উৎপাদন করে দেশীয় ও বহুজাতিক ঔষধ কোম্পানিগুলোতে অত্যান্ত সুনামের সাথে সরবরাহ করে আসছে। কারখানার জমির মোট আয়তন ১৭,২৮০ বর্গফুট, যার মধ্যে নীচ তলায় ১২,২১২ বর্গফুট এবং দোতলায় ৪,৬৫০ বর্গফুট এলাকা উৎপাদন, গুদাম ও সংশ্লিষ্ট কাজে ব্যবহৃত হচ্ছে।

১.২। মানব সম্পদ ঃ

কোম্পানিতে বর্তমানে কর্মকর্তা, কর্মচারী ও স্থায়ী-অস্থায়ী শ্রমিকসহ সর্বমোট ১০২ জন নিয়োজিত আছেন। প্রতিষ্ঠানের সকল পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণের মধ্যে সুসম্পর্ক বজায় রয়েছে। বাস্তব অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে এ জনবল দিনে দিনে মানব সম্পদে পরিণত হয়েছে।

১.৩। উৎপাদন ও বিক্রয় ঃ

কোম্পানি প্রতিষ্ঠিত হওয়ার পর বর্তমান বছরেই সর্বোচ্চ উৎপাদন ও বিক্রয় করতে সমর্থ হয়েছে। গত বছর উৎপাদন ছিল ১,২৩৪.৮০ লক্ষ পিস এ্যাম্পুল ও নীট বিক্রয় হয়েছিল ২,৬৯৫.৬৯ লক্ষ টাকা। আলোচ্য বছরে উৎপাদন হয়েছে ১,২৫০.০২ লক্ষ পিস এ্যাম্পুল ও নীট বিক্রয় হয়েছে ২,৮০২.৯২ লক্ষ টাকা, যা গত বছরের তুলনায় যথাক্রমে ১.২৩% এবং ৩.৯৮% বেশী। উল্লেখ্য যে, আমাদের এ্যাম্পূল ফর্মিং মেশিনগুলোর মধ্যে তিনটি অতি পুরাতন, তাই এগুলোর রক্ষনাবেক্ষন খরচ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া উক্ত মেশিনের ওভেনগুলোও ব্যবহারের ক্ষেত্রে প্রায় অনুপযোগী হয়ে পড়ায় ইতিমধ্যেই ইউরোপ হতে একটি ওভেন আমদানী করা হয়েছে। উক্ত ওভেন আমদানী করতে কোম্পানির প্রায় ৮৬.০০ লক্ষ টাকা খরচ হয়েছে। এক্ষেত্রে আমাদের আরও দুটি ওভেন প্রয়োজন। তাই স্থানীয়ভাবে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে কম দামে উক্ত ওভেন তৈরী করা যায়। এজন্য ইতিমধ্যেই স্থানীয় একটি কোম্পানিকে ওভেন তৈরীর জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। যাতে আমাদের প্রায় ২০.০০ লক্ষ টাকা ব্যয় হবে। উক্ত ওভেন তৈরীতে সফলতা পেলে পরবর্তীটিও স্থানীয়ভাবে সংযোজন করা হবে ইন্‌শাআল্লাহ্‌। উক্ত ওভেনগুলো সংযোজীত হলে অপচয় অনেকাংশে হ্রাস পাবে। আমরা সকলেই আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে আগামীতে কোম্পানির অবস্থা আরও উন্নতি করতে সক্ষম হই। এব্যাপারে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

১.৪। পন্যভিত্তিক পারফর্মেন্স ঃ

কোম্পানির উৎপাদিত মূল পণ্য শুধুমাত্র একটিই, তা হলো নিউট্রাল গ্লাস এ্যাম্পুল। এর ভিতরে সাইজ ভিত্তিক রয়েছে মুলত ৭(সাত) প্রকার-১এম.এল, ২এম.এল, ৩এম.এল, ৫এম.এল, ১০এম.এল, ২০এম.এল, এবং ২৫এম.এল। এবং গ্লাস এর বাহ্যিক রঙ ২(দুই) প্রকার- এ্যাম্বার এবং ক্লিয়ার। প্রতি বছর সাইজভিত্তিক বা গ্লাসের বাহ্যিক রঙ ভিত্তিক চাহিদা এবং উৎপাদন মূলত নির্ভর করে ক্রেতাগন, অর্থাৎ দেশীয় ও বহুজাতিক ঔষধ কোম্পানিগুলো, এবং বাজারে ইঞ্জেকশনের চাহিদার উপর। যার কারণে একেক বছরের পারফর্মেন্স অন্য বছরের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। সুতরাং, বছরভিত্তিক তুলনামূলক পারফর্মেন্স বিশ্লেষণ করা অনাবশ্যক।

২। আর্থিক ফলাফল ঃ

গত ৭ (সাত) বছরের তুলনামূলক আর্থিক ফলাফল নিম্নে প্রদত্ত হলোঃ

Sl.	Particulars	2014-15	2015-16	2016-17	2017-18	2018-19	2019-20	2020-21
1	Production (in lac pcs.)	763.33	839.98	937.19	1,123.67	1,232.34	1,234.80	1,250.02
2	Net Sales (Tk. in lac)	1,467.04	1,521.36	1,802.37	2,349.93	2,490.55	2,695.69	2,802.92
3	Cost of Goods Sold (COGS) (Tk. in lac)	903.86	983.76	1,132.20	1,435.99	1,508.51	1,627.17	1,741.40
4	COGS Percentage on Sales (%)	61.61%	64.66%	62.82%	61.11%	60.57%	60.36%	62.13%
5	Gross Profit (Tk. in lac)	563.19	537.60	670.17	913.94	982.04	1,068.52	1,061.53
6	Gross Profit Margin (%)	38.39%	35.34%	37.18%	38.89%	39.43%	39.64%	37.87%
7	Net Profit/(Loss) before Tax (Tk. in lac)	357.52	329.44	436.77	626.79	644.14	699.66	653.55
8	Net Profit/(Loss) Margin before Tax (%)	24.37%	21.65%	24.23%	26.67%	25.86%	25.95%	23.32%
9	Net Profit after Tax (Tk. in lac)	254.73	234.72	295.69	470.10	483.11	524.75	502.59
10	Authorized Capital (Tk. in lac)	500.00	500.00	500.00	500.00	500.00	500.00	500.00
11	Paid-up Capital (Tk. in lac)	312.00	312.00	312.00	312.00	312.00	312.00	312.00
12	Reserve & Surplus Fund (Tk. in lac)	855.73	1,037.14	1,233.32	1,585.27	1,905.76	2,263.56	2,597.82
13	Fixed Assets (W.D.Value) (Tk. in lac)	719.96	652.57	662.12	862.79	788.30	741.19	753.97
14	Current Assets : Current Liabilities	1 : 0.61	1 : 0.51	1 : 0.43	1 : 0.40	1 : 0.31	1 : 0.24	1 : 0.19
15	Earnings Per Share (EPS)	8.16	7.52	9.48	15.07	15.48	16.82	16.11
16	NAV Per Share	37.43	43.24	49.53	60.81	71.08	82.54	93.26
17	Dividend	25%	30%	35%	50%	50%	50%	50%
18	Total Cash Dividend (Tk. in lac)	78.00	93.60	109.20	156.00	156.00	156.00	156.00
19	Income Tax	89.38	82.36	141.09	156.70	161.04	174.91	147.05
20	Value Added Tax (VAT)	225.07	236.97	281.71	367.79	386.63	417.02	433.55





Note: Although Net Sales has increased during the period, the production expenses such as, cost of imported glass tubes and colors, cost of getting limited oxygen supply due to COVID19 situation, EL encashment, and other overheads have also increased. As a result, the Net Profit has not reached the expected level. Besides, selling price of ampoules remained unchanged due to severe competition with the local and foreign suppliers. Their selling prices are very near to our prices. So, to stay competitive, increasing the selling price has not been possible. Mentionable, the performance of the Company as per these financials are not comparable with the peer industry as the competing companies are all private and their financial data are not publicly available.

৩। বকেয়া আবগারী শুল্ক ঃ

১৯৮৪-১৯৮৯ অর্থ-বছরসমূহের ১২.৩৯ লক্ষ টাকার বকেয়া আবগারী শুল্ক সংক্রান্ত প্রতিবেদন বিগত বছরসমূহে আপনাদেরকে অবহিত করা হয়েছে। মামলাটি এখনও নিস্পত্তি হয়নি।

৪। আয়কর ঃ

(ক) আর্থিক বছর ২০০৪-২০০৫ (আয়কর বছর ২০০৫-২০০৬) বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডার কর্তৃক অনুমোদিত নিরীক্ষিত হিসাব অনুযায়ী ১৫,৮৬,২০৭.০০ টাকা আয়কর প্রাপ্য, যার বিপরীতে ১০,৩৪,৪৫২.০০ টাকা অগ্রিম আয়কর সমন্বয় করা হয় এবং বাকী টাকা আমাদের পূর্ববর্তী বছরের প্রাপ্য থেকে সমন্বয় করে সঠিক সময়ে আয়কর রিটার্ন দাখিল করা হয়েছে। উপ-কর কমিশনার মহোদয় অযৌক্তিক ও একতরফাভাবে কতিপয় খরচ অগ্রাহ্য করে ২৪,৭২,৭২৮.০০ টাকা আয়কর ধার্য্য করেছেন এবং শুধুমাত্র অগ্রিম আয়করের ১০,৩৪,৪৫২.০০ টাকা হিসাবভুক্ত করেছেন। তিনি ১৪,৩৮,২৭৬.০০ টাকার সাথে সুদ ১,৬৪,০১৯.০০ টাকা যোগ করে মোট ১৬,০২,২৯৫.০০ টাকার একখানা ডিমান্ডনোট প্রেরণ করেছেন। আমরা অতিরিক্ত কমিশনার অব ট্যাক্সেস (আপীল) মহোদয়ের কাছে ২৭-০৪-২০০৮ইং তারিখে আপীল দায়ের করেছি। বিষয়টি বিবেচনার জন্য আমরা গত ১৮-০৮-২০০৮ইং এবং ১৮-০৫-২০১০ইং তারিখ তাগাদাপত্র প্রেরণ করেও কোন ফল পাইনি। উল্টো উপ-কর কমিশনার মহোদয় পুনরায় ২৮-০৮-২০১৪ইং তারিখে পূর্বের ১৬,০২,২৯৫.০০ টাকার দাবীনামাটি প্রেরণ করেন। কোম্পানি নোটিশ গ্রহণের সাথে সাথে নির্ধারণী আদেশের সার্টিফাইড কপির জন্য আবেদন করে এখন পর্যন্ত কোন সার্টিফাইড কপি পায়নি।

(খ) আর্থিক বছর ২০০৫-২০০৬ (আয়কর বছর ২০০৬-২০০৭) বার্ষিক সাধারণ সভায় নিরীক্ষিত হিসাব অনুমোদিত হওয়ার পর সঠিক সময়ে আয়কর রিটার্ন দাখিল করা হয়। উপ-কর কমিশনার মহোদয় চূড়ান্ত নির্ধারণী আদেশ "শূন্য" দাবীনামা প্রেরণ করেন। অথচ ৩ বছর পর অর্থাৎ ২৯-০৪-২০১০ইং তারিখে উপ-কর কমিশনার মহোদয় অযৌক্তিকভাবে বকেয়া আয়কর ১২,৩৮,৩৪৭.০০ টাকার সাথে ২,৪১,৯৫৪.০০ টাকা সুদ যোগ করে মোট ১৪,৮০,৩০১.০০ টাকা পরিশোধ করার জন্য নোটিশ প্রেরণ করেন। কোম্পানি অবিলম্বে বিস্তারিত ব্যাখ্যাসহ নোটিশটি বাতিলের জন্য অনুরোধ জানান; কিন্তু উপ-কর কমিশনার মহোদয় দীর্ঘ ৪ বছর পরে অর্থাৎ ২৮-০৮-২০১৪ইং তারিখে ১৪,৮০,৩০১.০০ টাকার দাবীনামাটি পুনরায় প্রেরণ করেন। বাধ্য হয়ে আমরা গত ১০-০৯-২০১৪ইং এবং পুনরায় ০৮-১১-২০১৬ইং তারিখে মূল আদেশের সার্টিফাইড কপি প্রেরণের জন্য অনুরোধ করি; কিন্তু অদ্যাবধি তা পাওয়া যায়নি।

(গ) আর্থিক বছর ২০০৬-২০০৭ (আয়কর বছর ২০০৭-২০০৮) বার্ষিক সাধারণ সভায় নিরীক্ষিত হিসাব অনুমোদিত হওয়ার পর যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করা হয়েছে। ২৫,৮১,৯৭৪/- টাকা আয়কর প্রাপ্য হলে উক্ত বছরে কোম্পানির পরিশোধিত অগ্রিম আয়কর ৩২,৭৫,৬৬৯/- টাকা থেকে উহা সমন্বয়ের পর ৬,৯৩,৬৯৫/- টাকা বেশী জমা ছিল। কয়েক বছর পর অর্থাৎ ২১-১০-২০১০ইং তারিখে ডেপুটি কমিশনার মহোদয় হঠাৎ করে অযৌক্তিকভাবে ৫৩,০১,০৪০/- টাকার একটি নোটিশ প্রেরণ করেন। উক্ত নোটিশের বিপরীতে কোম্পানি নির্ধারণী আদেশ ও সার্টিফাইড কপির জন্য আবেদন করে এবং সর্বশেষ ০৮-১১-২০১৬ইং তারিখে তাগাদাপত্র প্রদান করলেও অদ্যাবধি কোন সার্টিফাইড কপি পাওয়া যায়নি।

৫। ভ্যাট (মূসক) ঃ

২০০৮-২০০৯ইং অর্থবছরে স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তরের অডিট টিম অতিরিক্ত রেয়াত গ্রহন বাবদ ৫,১৭,৭৬২/- টাকা ও মূসক ফাঁকি বাবদ ১৩,৫৭,২৫২/- টাকা, মোট ১৮,৭৫,০১৪/- টাকার আপত্তি উত্থাপন করে ১৮-০৬-২০১০ইং তারিখে দুটি দাবীনামা কোম্পানিকে প্রেরণ করেন। এব্যাপারে বিস্তারিত তথ্যাদি ও সংশ্লিষ্ট সকল প্রমানাদিসহ ২৪-০৬-২০১০ইং তারিখে ভ্যাট কর্তৃপক্ষের দপ্তরে দাখিল করা হয়। ভ্যাট কর্তৃপক্ষ সমস্ত কাগজপত্র পর্যালোচনা করে অডিট টিমের আপত্তি দুটি অযৌক্তিক ও ভিত্তিহীন বলে মেনে নেন; কিন্তু দীর্ঘ সাড়ে ৪ বছর পর ভ্যাট কর্তৃপক্ষ

২৯-১০-২০১৪ইং তারিখে দাবীটি পুনরায় প্রেরণ করেন। আমরা পত্রের মাধ্যমে দাবীগুলো যে নিষ্পত্তি হয়েছে, উহার বিস্তারিত ব্যাখ্যা প্রদান করি; কিন্তু ভ্যাট কর্তৃপক্ষ আবার ২০ মাস পর অর্থাৎ ০৯-০৬-২০১৬ইং তারিখে ২টি দাবীনামার বিপরীতে ১৮,৫৮,৩৪৫/- টাকা আমাদের চলতি হিসাব থেকে একতরফা ও অযৌক্তিকভাবে সমন্বয় করেন, যা অগ্রহনযোগ্য ও বাতিলযোগ্য। এ প্রসঙ্গে গত ১৪-০৬-২০১৬ইং তারিখে জোড়ালো আপত্তিসহকারে আমাদের ন্যায্য ব্যাখ্যার আলোকে বিষয়টি নিস্পত্তি করার জন্য আবেদন করা হয়, যা এখনও প্রক্রিয়াধীন রয়েছে।

এছাড়াও ২০১২-১৩ইং অর্থ বছর হতে ২০১৬-১৭ইং অর্থ বছর পর্যন্ত সময়ের মূসক নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষিত প্রতিবেদন অনুযায়ী কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ঢাকা উত্তর কমিশনারেট মূসক পরিহার বাবদ সর্বমোট ৬৩,৫৫,৮৪৪.৮৪ (সুদ ব্যতীত) টাকা আদায়ের জন্য মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ধারা-৫৫ এর উপধারা-১ অনুযায়ী ফার্মা এইড্স লিঃ-এর বিরুদ্ধে একটি দাবীনামা সম্বলিত কারণ দর্শানোর নোটিশ জারি করেন। উক্ত নোটিশের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উক্ত দাবীনামা যে অযৌক্তিক ও ভিত্তিহীন তার স্বপক্ষে বিস্তারিত ব্যাখ্যাসহ ব্যক্তিগত শুনানীতে হাজিরার সুযোগ চেয়ে গত ১১-১০-২০২০ইং তারিখে কমিশনার বরাবর একটি পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের প্রেক্ষিতে কমিশনার মহোদয় ২৪-১১-২০২০ইং তারিখে শুনানীর তারিখ ধার্য করলে কোম্পানীর প্রতিনিধি উক্ত শুনানীতে হাজির হয়ে কমিশনার মহোদয়ের নিকট বিভিন্ন যুক্তি উপস্থাপনের মাধ্যমে অযৌক্তিক ও ভিত্তিহীন দাবীনামা হতে অব্যাহতি দানের অনুরোধ জানালে তিনি বিষয়টি বিবেচনাধীন ও প্রক্রিয়াধীন অবস্থায় শুনানী সমাপ্ত করেন।

৬। পরিচালকগণের অবসর গ্রহণ ও পুনঃনিয়োগ ঃ

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের ১৩৫ অনুচ্ছেদ অনুযায়ী চক্রানুক্রমে পরিচালকমন্ডলী হতে জনাব এম, এ, মাসুদ এবছর অবসর গ্রহণ করেছেন। তিনি পুনঃনিয়োগের যোগ্য হওয়ায় নিয়োগ প্রাপ্তির জন্য আগ্রহ প্রকাশ করেছেন।

৭। ব্যবস্থাপনা পরিচালকের পুনঃনিয়োগ ঃ

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সুযোগ্য ব্যাবস্থাপনার কারণে কোম্পানি উত্তরোত্তর সম্বৃদ্ধি অর্জন করে বর্তমান অবস্থায় আসতে সক্ষম হয়েছে। তিনি দৃঢ় বিশ্বাস করেন যে, আগামী অর্থ বছরে কোম্পানিকে আরও ভালো লাভজনক প্রতিষ্ঠানে উন্নতি করতে সক্ষম হবেন - ইন্‌শাআল্লাহ। কোম্পানি আইনের-১১০ ধারা মোতাবেক তাঁর মেয়াদ উত্তীর্ন হওয়ায় তিনি পুনঃনিয়োগ লাভের সম্মতি প্রকাশ করেছেন বিধায় পরিচালনা পর্ষদ তাঁকে আগামী ৫(পাঁচ) বছরের জন্য নিয়োগ করার সুপারিশ করেছেন।

৮। কোম্পানির নিরীক্ষা ব্যবস্থা ঃ

কোম্পানির নিরীক্ষা কমিটির চেয়ারম্যান - জনাব মোঃ মোমিনুল হক ঢালী, স্বতন্ত্র পরিচালক, এবং হেড অফ ইন্টারনাল অডিট এন্ড কমপ্লায়েন্স - জনাব মুহিবুল হাসান আদিল, এক্সিকিউটিভ ডাইরেক্টর, তাঁরা নিরিক্ষা কমিটির ও অভ্যন্তরীণ নিরীক্ষার কার্যকলাপ, দায়িত্ব, ও কর্তব্য অত্যন্ত দক্ষতার সাথে পালন করে আসছেন। আলোচ্য ২০২০-২০২১ইং অর্থ বছরে উক্ত কমিটির কোন বিরূপ প্রতিবেদন ছিল না যা অডিট কমিটির চেয়ারম্যান মহোদয়ের প্রতিবেদনে সন্নিবেশিত করা হয়েছে।

৯। পরিচালকমন্ডলীর পারিশ্রমিক ও বোর্ড মিটিং ঃ

দেশের সার্বিক অবস্থা এবং অন্যান্য সকল লাভজনক কোম্পানির দেয়া পারিশ্রমিক বিবেচনা করে, ০১-০৭-২০২১ইং তারিখ থেকে, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মাসিক পারিশ্রমিক ৫,৫০,০০০/- হতে ৬,২৫,০০০/-, অর্থাৎ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা বৃদ্ধিসহ অন্যান্য সুযোগ সুবিধা সময়োপযোগী করার জন্য কোম্পানীর এন,আর,সি কমিটি সুপারিশ করেছেন যা বোর্ডের দ্বারা গ্রাহ্য হয়েছে। অন্যান্য পরিচালকমন্ডলী কোম্পানির প্রথম থেকেই, অর্থাৎ লিস্টিং সন থেকেই স্পন্সর ডাইরেক্টর হিসেবে নিয়োগ প্রাপ্ত। শুরু থেকেই ধারাবাহিক ভাবে কোম্পানি তাঁদের মাসিক সম্মানি দিয়ে আসছে। পরিচালনা পর্ষদের সার্বিক পারিশ্রমিক/সম্মানি এবং এক্সিকিউটিভগনের বেতনাদি স্টেটমেন্ট নোট নং ২২.০০ এবং বোর্ড মিটিং-এর সংখ্যা ও উপস্থিতি নোট নং ২৩.০০-এ সন্নিবেশিত করা হয়েছে।

১০। লভ্যাংশ ঘোষনা ঃ

আলোচ্য ২০২০-২০২১ইং অর্থ বছরে কর পূর্ববর্তী ৬৫৩.৫৫ লক্ষ টাকা নীট মূনাফা অর্জিত হয়েছে। আলোচ্য বছরের কর পরবর্তী ৫০২.৫৯ লক্ষ টাকা মূনাফা থেকে ১৫৬.০০ লক্ষ টাকা, অর্থাৎ ৩১.০৪%, বিনিয়োগকারীদের স্বার্থে শেয়ার প্রতি ৫০% হারে নগদ লভ্যাংশ পরিচালনা পর্ষদ সুপারিশ করেছেন। বাকী ৩৪৬.৫৯ লক্ষ টাকা, অর্থাৎ ৬৮.৯৬%, Retained Earnings-এ রেখে তা ভবিষ্যতে সম্ভাব্য BMRE প্রকল্পসহ অন্যান্য কর্ম-পরিকল্পনার কাজে পরিচালনা পর্ষদ প্রয়োগ করতে পারে।

১১। নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ ঃ

মেসার্স মালেক সিদ্দিকী ওয়ালী, চার্টার্ড একাউন্ট্যান্টস, ৯ জি মতিঝিল বানিজ্যিক এলাকা (৩য় তলা), ঢাকা-১০০০ আলোচ্য বছরসহ ধারাবাহিক ভাবে তিন বছর নিরীক্ষক ছিলেন। আইনানুযায়ী তিনি পরবর্তী অর্থবছর অর্থাৎ ২০২১-২০২২ইং সালের জন্য নিয়োগ প্রাপ্তির যোগ্য নয় বিধায় মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, শতাব্দী সেন্টার (৬ষ্ঠ এবং ৮ম তলা), ২৯২, ইনার সার্কুলার রোড, ফকিরাপুল, মতিঝিল, ঢাকা, নিরীক্ষক হিসেবে নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করায় পরিচালনা পর্ষদ তাঁর পারিশ্রমিক বার্ষিক ১,৫০,০০০/- টাকা নির্ধারণপূর্বক ২০২১-২০২২ইং অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগের সুপারিশ করেছেন।

১২। প্রতিপালন নিরীক্ষক (কমপ্লায়েন্স অডিটর) নিয়োগ ও তাঁর পারিশ্রমিক নির্ধারন ঃ

কর্পোরেট গভার্নেন্স এর শর্ত প্রতিপালনের জন্য মেসার্স মালেক সিদ্দিকী ওয়ালী, চার্টার্ড একাউন্ট্যান্টস, ৯ জি মতিঝিল বানিজ্যিক এলাকা (৩য় তলা), ঢাকা-১০০০, কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করায় পরিচালনা পর্ষদ তাঁর পারিশ্রমিক বার্ষিক ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা নির্ধারণপূর্বক ২০২১-২০২২ইং অর্থ বছরের জন্য প্রতিপালন নিরীক্ষক নিয়োগের সুপারিশ করেছেন।

১৩। রিলেটেড পার্টি ট্রাঞ্জেকশন ঃ

ফার্মা এইড্স লিঃ এক্সেলসিয়র গ্রুপের একটি অঙ্গ প্রতিষ্ঠান। এই গ্রুপের সংশ্লিষ্ট কোম্পানির সাথে লেনদেনের হিসাব নোট নং ৩৫.০০-এ সন্নিবেশিত করা হয়েছে। লেনদেনগুলো arm's length basis-এ বেশ সিমীত আকারে করা হয়ে থাকে বিধায় কোম্পানি আর্থিক কোনো প্রতিকূলতার সম্মুখীন হয়ে থাকে না। কোম্পানির অডিট কমিটি এই লেনদেনগুলো প্রতিনিয়ত পর্যবেক্ষন করে যাচ্ছে।

১৪। অভ্যন্তরীণ এবং বাহ্যিক ঝুঁকিসমূহ ঃ

কোভিড-১৯ এর প্রভাব স্বরুপ কিছু ক্রেতাদের থেকে ট্রেড রিসিভাবল্স এর পরিমাণ অনিয়মিত ভাবে আদায় করা হচ্ছে। কিছু ক্রেতাদের পরিচালনা পর্ষদেও পরিবর্তন এসেছে, যার কারণে তাঁদের সাথে ভবিষ্যত লেনদেন নিয়ে অনিশ্চয়তা রয়েছে। তবে পাওনা আদায় করার যথাসাধ্য ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। এছাড়াও অন্যান্য ঝুঁকিসমূহের ব্যাখ্যা নোট নং ৪০.০২-এ সন্নিবেশিত করা হয়েছে।

১৫। পরিচালনা পর্ষদের অন্যান্য বিবৃতি ঃ

The Directors are also reporting that:

- The financial statements of the Company present true and fair view of Company's state of affairs, result of its operations, cash flows, and changes in equity.
- Proper books of accounts as required by law have been maintained.
- Appropriate accounting policies have been followed in formulating the financial statements; and Accounting estimates were reasonable and prudent.
- The Financial statement was prepared in accordance with International Accounting Standard (IAS) as applicable in Bangladesh.
- The internal control system is sound in design and effectively implemented and monitored.

- There is commitment to protect the interests of all shareholders, including the rights of the minority shareholders, while promoting integrity, transparency, and accountability.
- There is no doubt upon the company's ability to continue as a going concern.
- There is no significant deviation from the operating result of the last year.

১৬। কর্পোরেট গভার্নেন্স এর শর্ত প্রতিপালন ঃ

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর ০৩-০৬-২০১৮ইং তারিখের SEC/CMRRCD/2006-158/207/Admin/80 নং নোটিফিকেশনের Annexure-C তে উল্লেখিত নির্দেশাবলীর, যে সকল শর্ত কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য, সবগুলো শর্ত প্রতিপালন সম্পন্ন করা হয়েছে। Annexure-I-VIII এর মধ্যে কোম্পানির কর্পোরেট গভার্নেন্স এর অবস্থান সন্নিবেশিত করা হয়েছে।

১৭। চলতি (২০২১-২০২২ইং) অর্থবছরের অবস্থা ঃ

জুলাই হতে নভেম্বর, ২০২০ এই ৫ মাসে উৎপাদন হয়েছিল ৫.১৩ কোটি পিস্ এ্যাম্পুল ও বিক্রয় হয়েছিল ১২.৪১ কোটি টাকা। বর্তমান বছরে একই সময় উৎপাদন হয়েছে ৬.২২ কোটি পিস এ্যাম্পুল ও বিক্রয় হয়েছে ১৪.১৬ কোটি টাকা, যা গত বছরের তুলনায় যথাক্রমে ২১.২৫% ও ১৪.১০% বেশী। আগামী মাসগুলোতে উৎপাদন ও বিক্রয় বৃদ্ধির জন্য আরও আপ্রান চেষ্টা করা হচ্ছে এবং আমরা অত্যন্ত আশাবাদী।

১৮। Auditors' Opinion:

"The Company has debit balance with related party of Tk. 30,458,560 shown as other receivable in note no. 4.00 in these financial statements, which should be disclosed as related party transaction disclosure in note no. 35.00. But, no such disclosure has been made in these financial statements. Moreover, no interest is charged/accrued during the year on related party debit balance."

Company's Opinion:

During the FY 2020-2021, despite the negative impact of COVID19 pandemic on all the debtors, the Company has recovered Tk.7,291,313 and significantly reduced the balance of Other Receivables from Tk.39,455,582 (as on 30-06-2020) to Tk.32,164,269 (as on 30-06-2021). Apart from the sister concerns under the Excelsior Group, the Company has always tried to respect the privacy of all the indebted private limited companies. Rest assured, the Company is confident in recovering the debit balance gradually over the ordinary course of business, Insha'Allah.

উপসংহার ঃ

পরিচালকমন্ডলী সম্মানিত সকল শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাসমূহ, সংশ্লিষ্ট ব্যাংক, বিএসইসি ও ডিএসইসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী-শ্রমিকবৃন্দ এবং কোম্পানির অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রতি আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করছেন।

পরিচালকমন্ডলীর পক্ষে,

ফায়েজুল হাসান
ব্যবস্থাপনা পরিচালক